

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৮৭

বিশালগড়, ২৫ সেপ্টেম্বর, ২০২৬

রাজ্য এবং কেন্দ্রীয় সরকার সর্বদা

বিপদগ্রস্থ মানুষের সেবায় সচেতনতা : পরিবহণ মন্ত্রী

সচেতনতা ও সহযোগিতার মাধ্যমে কিভাবে দুর্ঘটনার সংখ্যা কমিয়ে আনা যায় সে সম্পর্কে সবাইকে অবহিত করা এবং বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা সম্পর্কে সমাজের একেবারে অন্তিম ব্যক্তি পর্যন্ত সবাইকে অবহিত করা অত্যন্ত প্রয়োজন। এই কাজগুলি করা গেলে সমাজ নানাভাবে উপকৃত হবে। আজ সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে বিশালগড়ের নতুন টাউনহলে সড়ক নিরাপত্তা ও সচেতনতা বৃদ্ধি বিষয়ক অনুষ্ঠানের সূচনা করে একথা বলেন পরিবহণ মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি বলেন, রাজ্য এবং কেন্দ্রীয় সরকার সর্বদা বিপদগ্রস্থ মানুষের সেবায় সচেতন। দুর্ঘটনাগ্রস্থ মানুষের পাশে দাঁড়ানোর জন্য রাহ বীর, পিএম রাহাত ইত্যাদি প্রকল্প কার্যকর রয়েছে। এই প্রকল্পগুলি সম্পর্কে যথাযথভাবে মানুষকে সচেতন করতে হবে। পরিবহণ মন্ত্রী বলেন, বিশালগড় মোটরস্ট্যান্ডকে নতুন করে সাজানো হবে। পরিকাঠামো বিকাশের পাশাপাশি মানুষের জীবন সুরক্ষায় সরকার দ্রুত গতিতে কাজ করছে। তিনি জানান, বিভিন্ন বিদ্যালয়, মহাবিদ্যালয় থেকে শুরু করে রাজ্যের বিভিন্ন স্থানে সড়ক নিরাপত্তা ও সচেতনতা বিষয়ক কর্মসূচি আয়োজিত হবে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল। এছাড়াও সড়ক সচেতনতা, গাড়ি চালানোর সময় প্রয়োজনীয় সতর্কতা বজায় রাখা এবং চালকের সিট বেল্ট বাঁধা ইত্যাদি বিষয়ে বক্তব্য রাখেন রাজ্য পুলিশের আইজি মঞ্চাক ইপ্পার। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক সুশান্ত দেব, বিধায়ক তফাজ্জল হোসেন, বিধায়ক অন্তরা সরকার দেব, সিপাহীজলা জিলা পরিষদের সহকারি সভাপতি পিন্টু আইচ, বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অতসী দাস, পরিবহণ দপ্তরের সচিব ইউ কে চাকমা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা ডা. দেবানী দেববর্মা, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ দত্ত, বিশালগড় মহকুমার মহকুমা শাসক বিষ্ণি সাহা প্রমুখ।

\*\*\*\*\*